

স্ব: ২২০৭৪  
৩৩ কর্মিট/২০২০-২১  
১ জন ২১ কর্মিট/২০২০-২১  
৩ জন ২১ কর্মিট/২০২০-২১  
৩১/৮/২০

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি  
নথীভুক্ত নং- ৬১৭  
সংরক্ষিত ফাইল নং-  
গ্রহণের তারিখ: ২১/৮/২০



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম  
সিডিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

গ্রহিতার স্বাক্ষর

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ভূঁয়া আবেদন বাতিল ও  
মোবাইল নম্বর সংশোধন সংক্রান্ত নির্দেশনা :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অনুমতি ব্যতীত অপরের আবেদন ফি প্রদান অথবা ইন্টারনেটে আবেদন পূরণ আইনত দণ্ডনীয় অপরাধ। যে সকল শিক্ষার্থী আবেদন ফি অথবা ইন্টারনেটে আবেদন বাতিল করতে চায় তাদেরকে এসএসসির মূল রেজি: কার্ড ও প্রবেশপত্রসহ অত্রবোর্ডের কলেজ শাখার (৮ম তলা) ৮০৪ নং কক্ষে যোগাযোগ করে সুনির্দিষ্ট ফরম পূরণ করে আবেদন করার জন্য বলা হচ্ছে। এই সেবার জন্য কোন ধরনের ফি প্রদান করতে হবে না। আবেদনের সাথে এসএসসি এর রেজি: কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি দাখিল করতে হবে। যারা মোবাইল নম্বর ভুল করেছে তাদেরকেও একইভাবে আবেদন করতে হবে। আবেদন দাখিলের পরবর্তী ৩৬ (চত্রিশ) ঘণ্টার মধ্যে আবেদনে উল্লিখিত নতুন মোবাইল নম্বরে বা বিকল্প মোবাইল নম্বরে SMS যাবে। SMS না গেলে নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে মোবাইলে যোগাযোগ করতে বলা হচ্ছে। যাদের ইন্টারনেটের আবেদন বাতিল হবে তাদেরকে (www.xiclassadmission.gov.bd) গুয়েবসাইটে আগামী ২০/০৮/২০২০ খ্রি: এর মধ্যে নতুন করে ভর্তির আবেদন করতে হবে।

সহকারী কলেজ পরিদর্শক- ০১৮১৯-৫৪৮৭১০

ষ্টেনোগ্রাফার -০১৯১৭-২৪০৪৭৭

কোনাকালে অত্র শিক্ষাবোর্ড থেকে দূরবর্তী (বিশেষ করে কক্সবাজার, রাঙ্গামাটি, ঝাংগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) অঞ্চলের শিক্ষার্থীদের সুবিধার্থে বিকল্প ব্যবস্থা হিসেবে শিক্ষার্থীরা নিকটস্থ কলেজের অধ্যক্ষের অফিসে উল্লিখিত কাগজপত্র দাখিল করে অধ্যক্ষের মাধ্যমে সরাসরি অত্রবোর্ডের কলেজ পরিদর্শক বা উপ-কলেজ পরিদর্শকের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে এ সেবা পেতে পারেন।

এ ক্ষেত্রে নিকটস্থ কলেজের অধ্যক্ষগণ উক্ত আবেদনকারী শিক্ষার্থীর SSC এর মূল রেজি:কার্ড ও প্রবেশপত্র দেখে ফটোকপি সংরক্ষণ করবেন এবং এ নোটিশের দ্বিতীয় পৃষ্ঠায় সংযুক্ত ফরম আবেদনকারী কর্তৃক পূরণ করিয়ে পূরণকৃত ফরমে অধ্যক্ষের স্বাক্ষরসহ নিম্নোক্ত email এ প্রেরণ করে মোবাইল ফোনে জানানোর জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য উক্ত দূরবর্তী অঞ্চলের কলেজ কর্তৃপক্ষ থেকে কেউ এ সংক্রান্ত কাজে অত্র বোর্ডে আসতে হবে না। বোর্ডে জানানোর ৩৬ ঘণ্টার মধ্যে শিক্ষার্থীর নতুন মোবাইল নম্বরে SMS যাবে। আবেদন বাতিল হলে ২০/৮/২০২০ তারিখের মধ্যে নতুন করে আবেদন করতে হবে।


email সমূহ :

কলেজ পরিদর্শক ic@bise-ctg.gov.bd

উপ-কলেজ পরিদর্শক mohammedhalim035@gmail.com

কোনো পরিস্থিতিতে সম্পূর্ণ মানবিক কারণে বিনা ফিতে নিকটস্থ কলেজ শিক্ষার্থীর ভর্তির আবেদনে পছন্দ তালিকায় না থাকলেও এ সেবা প্রদানের জন্য অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা যাচ্ছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।

প্রাপক :

অধ্যক্ষ

সকল কলেজ

ও

শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

অধ্যক্ষের কার্যালয়

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা


স্মারক নং- রাসক/২১৭০/২

তারিখ: ১৭/০৮/২০২০ খ্রি.

চট্টগ্রাম শিক্ষাবোর্ড এর ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ভূঁয়া আবেদন বাতিল ও মোবাইল নম্বর সংশোধন সংক্রান্ত নির্দেশনা মোতাবেক অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। আহ্বায়ক, একাদশ ভর্তি কমিটি/২০২০-২১, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। সংরক্ষণ নথি।

  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ